# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৭. ৩. ৬. বিশটা গ্রাম অতি মহাসংহারে সংহার করা

বনি-ইসরাইলের একজন ত্রাণকর্তা শাসনকর্তা যিপ্তহ বিষয়ে আমরা ইতোপূর্বে আলোচনা করেছি। তিনি ঈশ্বরের আত্মা বা মাবুদের রূহের প্রেরণায় তিনি ২০টি শহর ও গ্রাম সম্পূর্ণভাবে নির্মূল ও ধ্বংস করেন: ‘‘তখন মাবুদের রুহ যিপ্তহের উপরে আসলেন। তাতে যিপ্তহ গিলিয়দ ও মানশা এলাকার মধ্য দিয়ে গিয়ে গিলিয়দের মিস্পাতে আসলেন এবং সেখান থেকে অম্মোনীয়দের বিরুদ্ধে এগিয়ে গেলেন। ... এরপর যিপ্তহ অম্মোনীয়দের সংগে যুদ্ধ করতে গেলেন আর মাবুদ তাঁর হাতে অম্মোনীয়দের তুলে দিলেন। তিনি আরোয়ের থেকে মিন্নীতের কাছাকাছি আবেল-করামীম পর্যন্ত বিশটা শহর ও গ্রামের লোকদের ভীষণভাবে আঘাত করে হত্যা করলেন (he smote them .. with a very great slaughter: কেরি: অতি মহাসংহারে তাহাদের সংহার করিলেন)। (কাজীগণ ১১/২৯-৩২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14618

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন